ভোরের কাগজ

AUG 1 7 1999
পৃষ্ঠা ৮ কলাম ৫

55

ঢাবি নৃ-বিজ্ঞান বিভাগ

# প্রশ্ন ফাঁসের তদন্তে গঠিত কমিটি রিপোর্ট দেয়নি ছাত্রদের কর্মসূচি ব্যর্থ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃ-বিজ্ঞান বিভাগের প্রশ্ন ফাঁসের ঘটনা অনুসন্ধানে গঠিত কমিটি রিপোর্ট জমা দেয়নি। অপরদিকে আন্দোলনকারী তৃতীয় বর্ষের ছাত্ররা পরীক্ষা বর্জনের কর্মসূচি পালনে ব্যর্থ হয়েছে।

জানা গেছে, তৃতীয় বর্ষের ছাত্ররা প্রশ্ন ফাঁসের ঘটনার সঙ্গে জড়িতদের শাস্তি না হওয়া পর্যন্ত পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছিল। কিন্তু গত শনিবার নির্ধারিত সময়ে তৃতীয় বর্ষের 'বিশেষ ১২ জন' পরীক্ষা দেওয়া শুরু করে। নিরুপায় হয়ে বাকি ৪২ জন ছাত্রছাত্রী ১৫ মিনিট পর পরীক্ষা দিতে যায়। ছাত্রছাত্রীরা অভিযোগ করেছে, তাদের মাস্টার্সে দেখে নেওয়া হবে বলে হুমকি দেওয়া হচ্ছে।

ঘটনা তদন্তে উপ-উপাচার্যকে প্রধান করে গত ৭ আগস্ট গঠিত কমিটি এখনো রিপোর্ট জমা দেয়নি। এক সপ্তাহের মধ্যে কমিটির রিপোর্ট জমা দেওয়ার কথা ছিল।